



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৭ জানুয়ারি, ২০১৯

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৭ জানুয়ারি, ২০১৯ তারিখ সকাল ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটোরিয়ামে ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টারের 'বি' ইউনিটের ভর্তিকৃত শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান এমপি।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান বলেন, আমরা জাতি হিসেবে পেছনে ফিরে তাকাতে চাই না। আমরা সামনে অগ্রসর হতে চাই। আমরা আতীতে দীর্ঘদিন অবদমিত ছিলাম। আমাদেরকে অন্ধকারের পুনরাবৃত্তি যাতে না হয় সে ব্যাপারে আমাদেরকে সজাগ থাকতে হবে।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আমাদের উচ্চাভিলাষ আছে। আমরা অপরাপর উন্নত জাতির মতো আমরা মাথা উচু করে দাঁড়াতে চাই। তবে কাউকে অবদমিত করতে চাই না। আর সেই উচ্চাভিলাষ অর্জনের মাধ্যম হচ্ছে তোমরা -আজকের মেধাবী শিক্ষার্থীরা। তোমাদের জন্য উচ্চ শিক্ষায় গবেষণার জন্য বর্তমান সরকার আরো অর্থ বরাদ্দ দিবে। বিশ্বের সাথে তাল মিলিয়ে চলার জন্য ভালমানের গবেষণা দরকার। এজন্য তোমাদেরকে জ্ঞানার্জন করতে হবে। তোমাদেরকে বড় হতে হবে। তোমাদের মাধ্যমে আমরা এমন একটি সমাজ গড়তে চাই যা হবে আরো সুন্দর, সভ্য, বিজ্ঞানমনস্ক, প্রগতিশীল এবং ন্যায়ের উপর প্রতিষ্ঠিত। তোমরা জ্ঞানার্জনের জন্য প্রয়োজনে বিদেশে যাবে। তবে বেলা শেষে পাখির মতো নিজ ঠিকানায় ফিরে আসবে। তাহলেই আমাদের প্রচেষ্টা সফল হবে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে ওরিয়েন্টেশন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভর্তি কমিটির সভাপতি প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. আহমদ কবীর, স্কুল অব লাইফ সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মোঃ শামসুল হক প্রধান, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস, স্কুল অব মেডিক্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ডা. মো. ময়নুল হক, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, ভর্তি কমিটির সদস্য সচিব ও প্রক্টর প্রফেসর জহির উদ্দীন আহমদ, যৌন হয়রানি অভিযোগ কমিটির সভাপতি প্রফেসর ড. নাজিয়া চৌধুরী এবং রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন। নবীনদের পক্ষ থেকে বক্তব্য রাখেন পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী ইউসুফ আলী এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী আয়শা হায়দার চৌধুরী।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার